



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৯.০০১.২৩.১৪৫

১৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০২ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল মাদ্রাসায় নিজস্ব ওয়েবসাইট তৈরি ও হালনাগাদ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন দেশের কামিল/ফাজিল/আলিম/দাখিল পর্যায়ে এমপিওভুক্ত ৮২২৯টি মাদ্রাসার মধ্যে কিছু সংখ্যক মাদ্রাসার নিজস্ব ওয়েবসাইট রয়েছে। সেসব মাদ্রাসার ওয়েবসাইট পরিদর্শন করলে দেখা যায় মাদ্রাসার অধ্যক্ষ/সুপারদের নাম/মোবাইল নম্বর/যোগাযোগের ঠিকানা/পাঠ্যসূচিসহ অন্যান্য কার্যক্রমের আপডেট কোন তথ্য নেই। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে মাদ্রাসা শিক্ষার উন্নয়ন ও প্রসারে প্রত্যেক মাদ্রাসায় তাদের নিজস্ব ওয়েবসাইট তৈরি করতে হবে এবং মাদ্রাসার শিক্ষা কার্যক্রমসহ প্রশাসনিক সকল কার্যক্রম ওয়েবসাইটে আপডেট রাখতে হবে। উল্লেখ্য যে, মাদ্রাসার ওয়েবসাইট তৈরি এবং ওয়েবসাইট আপডেট রাখাসহ বিভিন্ন টেকনিক্যাল সাপোর্টের জন্য আইসিটি অ্যাসেসডরদের (সংযুক্তি তালিকা) সহযোগিতা গ্রহণ করা যাবে।

এমতাবস্থায়, প্রত্যেক মাদ্রাসায় তাদের নিজস্ব ওয়েবসাইট তৈরি এবং মাদ্রাসার শিক্ষা কার্যক্রমসহ প্রশাসনিক সকল কার্যক্রম ওয়েবসাইটে আপডেট রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১৩ ফর্দ।

০২-০৫-২০২৪

মো: জাকির হোসাইন

উপ-পরিচালক

৪১০৩০১৬৩

ddadmeb@gmail.com

সভাপতি/অধ্যক্ষ/সুপার, সকল মাদ্রাসা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৯.০০১.২৩.১৪৫/১ (৪)

১৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০২ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ৩। জেলা শিক্ষা অফিসার...(সকল) এবং
- ৪। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



[Handwritten signature]

০২-০৫-২০২৪

মো: জাকির হোসাইন

উপ-পরিচালক